

নং-১৫.৫৪.০০০০.০৪২.৪৩.২৯২.২২. ৩৩৭৬

তারিখঃ ৩২ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

তারিখঃ ১৭.১১.২০২২।
স্থানঃ সভা কক্ষ
সময়ঃ সকাল ১১.০০টা।
সভাপতিঃ মোহা: মাহফুজা আক্তার, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনা অনুযায়ী গত সভার অগ্রগতি সভায় তুলে ধরেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়;

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	নৈতিকতা কমিটির সভা আয়োজন	বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি প্রান্তিকে ০১টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি প্রান্তিকে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে। ২য় প্রান্তিকের সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদনপূর্বক নির্ধারিত সময়ে সদর দপ্তরে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০২.	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল কার্যক্রম সম্পাদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন ও এর অগ্রগতি পরবর্তী সভায় তুলে ধরতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৩.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি কোয়ার্টারে নির্ধারিত সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি কোয়ার্টারের সুবিধাজনক সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৪.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত ০১টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সিদ্ধান্ত: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রতি প্রান্তিকে সভা আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

ক্রঃ নং	বিষয়	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নকারী কর্মকর্তা
০৫.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ এবং ওয়েব সাইটে আপলোডকরণ	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর/২০২২ পর্যন্ত) নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ ও ওয়েব সাইটে আপলোডকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সিদ্ধান্ত: শুদ্ধাচার সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে সদর দপ্তরে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
০৬.	ক্রয় সংক্রান্ত	২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম গ্রহণ ও এর অগ্রগতি প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিদ্ধান্ত: বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ইঞ্জিনিয়ারিং ম্যানেজার/ নিয়ন্ত্রক/মুখ্য শিল্প নির্দেশক/ সহকারী পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (অর্থ)

০২। পরিশেষে সভাপতি বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের কার্যক্রমসমূহ বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Handwritten signature and date: 29/12/22

মোহা: মাহফুজা আক্তার
জেনারেল ম্যানেজার (চ: দা:)

বিতরণ:

- ০১। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
- ০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
- ০৩। কার্যালয় নথি।

অনুলিপিঃ

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> আধিগত নিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

Handwritten signature and date: 31/12/22